

## পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৮. ১. ১৪. ১. সন্তান প্রসব পাপ ও মেয়ে সন্তান প্রসব বড় পাপ

মহিলাদের জন্য সন্তান ধারণ করা পাপ, বিশেষত মেয়ে শিশু জন্ম দেওয়া বড় পাপ। মেয়ে শিশু জন্ম দিয়ে দিগুণ সময় 'নাপাক' ও 'একাকিত্বের কারাগারে' আবদ্ধ থাকতে হবে। উপরস্তু গোনাহের কাফফারা দিতে হবে: "তুমি বিন-ইসরাইলদের বল, যদি কোন স্ত্রীলোক গর্ভবতী হয় এবং তার ছেলে হয় তবে সে তার মাসিকের সময়ের মতই নাপাক হবে। তার এই নাপাক অবস্থা সাত দিন চলবে। আট দিনের দিন ছেলেটির খংনা করাতে হবে। তারপর সেই স্ত্রীলোককে তার রক্তপ্রাব থেকে পাক-সাফ হবার জন্য তেত্রিশ দিন পর্যন্ত অপেক্ষা করতে হবে। তার পাক-সাফ হওয়ার আগের এই দিনগুলো কেটে না যাওয়া পর্যন্ত সে কোন পবিত্র জিনিস ছুঁতে পারবে না কিংবা পবিত্র তামু^-ঘরের এলাকায় যেতে পারবে না। কিন্তু যদি তার মেয়ে হয় তবে তার মাসিকের সময়ের মতই সে নাপাক হবে, কিন্তু তার এই নাপাক অবস্থা চলবে দু'সপ্তা। তারপর তাকে তার রক্তপ্রাব থেকে পাক-সাফ হওয়ার জন্য ছেষট্টি দিন অপেক্ষা করতে হবে। ছেলে বা মেয়ের জন্মের পরে তার পাক-সাফ হওয়ার আগের দিনগুলো কেটে যাবার পর তাকে মিলন তাম্বুর দরজার সামনে ইমামের কাছে পোড়ানো-কোরবানীর জন্য এক বছরের একটা ভেড়ার বাচ্চা এবং গুনাহের কোরবানীর জন্য একটা কবুতর কিংবা একটা ঘুঘু নিয়ে যেতে হবে।" (লেবীয় ১২/২-৬)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14445

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন